ভোরের কাগজ

তারিখ ... ... ...SEP. 07 1999
পৃষ্ঠা ১০ · কলাম ... ৬

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি সময়সূচি প্রত্যাহার করতে হবে

কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকশিস) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা রাখার সরকারি সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানিয়েছে।

সমিতির সভাপতি এবং সাধারণ সম্পাদক গতকাল সোমবার দেওয়া এক বিবৃতিতে বলেন, কি কারণে শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারি অফিসের ন্যায় ৮ ঘণ্টা খোলা রাখতে হবে, সকল শিক্ষক-কর্মচারীদের এই ৮ ঘণ্টা প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে, শিক্ষার্থীরাই বা এ দীর্ঘ সময় কি করবে শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের দেওয়া সার্কুলারে এর কোনো ব্যাখ্যা নেই।